



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৪৬

তারিখ : ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৪৪ তম কমিশন সভা অদ্য ১৪/০৫/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে :

এম. এল. ডাইং লিমিটেড (M. L. Dyeing Limited) এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে ২ (দুই) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও কলকজা (Machineries & Equipment) ক্রয় ও স্থাপন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যবহার করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ২৩.৭১ এবং শেয়ার প্রতি আয় ভারিত গড় হারে (Weighted average EPS) ২.৩৫ টাকা। উল্লেখ্য, কোম্পানীটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এনবিএল ক্যাপিটাল এন্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড ও রূপালি ইনভেস্টমেন্ট লিমিটেড।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।